# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 07.04.24 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জলপাইগুড়িতে নির্বাচনী প্রচারে বলেছেন, ইডি-র বাজেয়াপ্ত করা সাড়ে তিন হাজার কোটি টাকা থেকে প্রতারিত মানুষের অর্থ ফেরত দেওয়া হবে।

২) পুরুলিয়ায় নির্বাচনী প্রচারে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভূপতিনগর প্রসঙ্গ তুলে বলেছেন, এন আই এ, প্রতিবাদী মহিলাদের বিরুদ্ধে বিনা কারণে মামলা করছে।

৩) কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এন আই এ বিবৃতি দিয়ে জানিয়েছে, তাদের বিরুদ্ধে যে সব অভিযোগ তোলা হচ্ছে, তা দুর্ভাগ্যজনক ও ভিত্তিহীন।

৪) নির্বাচন কমিশন নতুন ও শহুরে ভোটারদের আকর্ষিত করার জন্য সামাজিক গণ মাধ্যমকে নিবিড়ভাবে ব্যবহার করবে।

৫) দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রাঘাতে তিনজনের মৃত্যু। কলকাতা সহ আশপাশের জেলাগুলিতে বৃষ্টির জেরে সর্বোচ্চ তাপমাত্রা নেমেছে ৫ ডিগ্রী।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গানে আই এস এল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফ সি-র মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যারা দুর্নীতি করে অর্থ জমা করেছেন, ইডি তাদের প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকার সম্পত্তি এবং অন্যান্য জিনিষ বাজেয়াপ্ত করে রেখেছে। তিনি পরামর্শ নিচ্ছেন, যাতে, শিক্ষক নিয়োগের জন্য ও সরকারী চাকরি পেতে যত গরীবের টাকা গিয়েছে, তা কিভাবে ওই বাজেয়াপ্ত টাকা থেকে ফেরত দেওয়া যায় । জলপাইগুড়ির ধুপগুড়িতে আজ দলীয় প্রার্থী ডক্টর জয়ন্ত রায়ের সমর্থনে এক জনসভায় তিনি বলেন, পুরোপুরি প্রমাণ পাওয়া গেলে ওই বাজেয়াপ্ত সাড়ে তিন হাজার কোটি টাকা থেকেই ঘুষের অর্থ ফেরত দেওয়ার ব্যবস্থা করা হবে। তিনি বলেন, যেসব শিক্ষকদের চাকরির জন্য টাকা গিয়েছে, তাদের টাকা ফেরত দেওয়া হবে।

(বাইট – মোদী)

প্রধানমন্ত্রী এদিন বলেন, রাজ্যের তৃণমূল সরকার অর্থ নয়ছয় থেকে শুরু করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ওপর হামলা করা ইত্যাদি একের পর এক অপরাধের সঙ্গে যুক্ত । তৃণমূল চায়, দুর্নীতিগ্রস্ত নেতারা যেন কু-কাজ করার লাইসেন্স পায়। এই জন্য কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ওপর তারা হামলা চালায়।

(বাইট – মোদী)

তৃণমূল কংগ্রেস, বামফ্রন্ট ও কংগ্রেসকে একই অবস্থানে রেখে শ্রী মোদী বলেছেন, এই তিন রাজনৈতিক পক্ষের নেতারা দুর্নীতি থেকে একে অন্যকে বাঁচাতে ইন্ডি জোট তৈরি করেছেন।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এদিন, পুরুলিয়ায় দলের প্রার্থী শান্তিরাম মাহাতোর হয়ে প্রচারে এসে কেন্দ্রীয় সরকারকে তীব্র আক্রমণ করে বলেন, বিজেপিতে যোগ না দিলে এজেন্সিকে পিছনে লাগানো হচ্ছে। রাজ্যের হাতে আছে লক্ষ্মীর ভান্ডার, কৃষির ভান্ডার আর ওদের হাতে সি বি আই। তৃণমূল নেত্রী বলেন, মানুষ প্রতিবাদ করলে ঘরে এন আই এ ঢুকিয়ে দেওয়া হচ্ছে। মধ্যরাতে মহিলারা ঘরে ঘুমোচ্ছেন, অথচ পুলিশকে না জানিয়েই, সেখানে এন আই এ চলে যাচ্ছে। ইডি-সিবিআই ইত্যাদি এজেন্সিকে দিয়ে টাকা তোলা হচ্ছে বলেও মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

ভূপতিনগরে এন আই এ-র তদন্ত পদ্ধতির তীব্র সমালোচনা করে তৃণমূল নেত্রী বলেছেন, মা-বোনেরা প্রতিবাদ করলে তাদের বিরুদ্ধে ডায়রি করা হচ্ছে। বলা হচ্ছে, তৃণমূলের সব বুথ এজেন্টকে গ্রেফতার করা হবে।

(বাইট – মমতা )

মুখ্যমন্ত্রী বিভিন্ন প্রকল্পে নরেন্দ্র মোদীর ছবি ব্যবহার করা নিয়েও কট্টর সমালোচনা করেন। তিনি বলেন, পাঁচ কেজির চালের বস্তাতেও প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করা হচ্ছে। এরাজ্যে যে চাল-গম দেওয়া হয়, তাতে কারোর ছবি থাকে না।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের এনআইএ-এর বিরুদ্ধে ভূপতিনগরে হামলা চালানোর অভিযোগ বিবৃতি দিয়ে খারিজ করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। আজ বিকেলে NIA-এর তরফে বিবৃতি জারি করে জানানো হয়, তাদের বিরুদ্ধে যে সব অভিযোগ তোলা হচ্ছে তা দুর্ভাগ্যজনক ও ভিত্তিহীন। শনিবার সকালে গ্রামবাসীদের প্ররোচনা দেওয়ার কোনও ঘটনা ঘটেনি ।

বিবৃতিতে NIA-এর তরফে জানানো হয়েছে, ভূপতিনগরে তাদের পদক্ষেপে কোনও দুরভিসন্ধি ছিল না। সংস্থার বিরুদ্ধে বেআইনি কাজ করার

যে অভিযোগ করা হচ্ছে ও তাকে ঘিরে যে বিতর্ক তৈরি হয়েছে তা দুর্ভাগ্যজনক। নাড়ুয়াবিলা গ্রামে দেশি বোমা তৈরির যে জঘন্য ষড়যন্ত্র করা হচ্ছিল তার বিরুদ্ধে জারি তদন্ত সম্পূর্ণ বৈধ ও আইনসিদ্ধ। ২০২২ সালের ডিসেম্বরের ওই ঘটনায় ২০২৩ সালের জুন মাসে কলকাতা হাইকোর্টের নির্দেশে তদন্তভার হাতে নেয় NIA.

NIAর তরফে জানানো হয়েছে, বিনা প্ররোচনায় একদল উন্মত্ত জনতা তাদের ওপর হামলা চালিয়েছে। সংস্থার আধিকারিকদের আইনি পদক্ষেপ করায় বাধা দিতে এই হামলা করা হয়েছে। ৫ জায়গায় স্বতন্ত্র সাক্ষীর উপস্থিতিতে তল্লাশি চলছিল। এর পর পদ্ধতি মেনে গ্রেফতার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরের ঘটনায় কেন্দ্রীয় সংস্থা এনআইএর সঙ্গে বিজেপির যোগ রয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। তৃণমূল ভবনে আজ দলের নেতা কুনাল ঘোষ ও চন্দ্রিমা ভট্টাচার্য এক যৌথ সাংবাদিক বৈঠকে বলেন, আদর্শ নির্বাচনী আচরণবিধি বলবত থাকাকালীন, বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারি গত ২৬ শে মার্চ এনআইএর এসপি ধনরাম সিং-এর বাড়িতে বৈঠক করেছেন বলে তাঁদের কাছে খবর আছে। এই বিষয়ে তৃণমূল কংগ্রেস পুলিশের কাছে তদন্ত দাবি করেছে।

(বাইট – কুনাল)

আগেই জানানো হয়েছে, গতকালের ঘটনায় এনআইএর বিরুদ্ধেও শ্লীলতাহানির অভিযোগ দায়ের করেছে পুলিশ।

এন আই এ-র বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ নজিরবিহীন বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার

সাংসদ ও রাজ্য মুখ্যপাত্র শমিক ভট্টাচার্য বলেন,বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারী, এন আই এ – এস পি-র বাড়িতে গিয়ে বৈঠক করেছেন বলে তৃণমূল কংগ্রেস যে অভিযোগ করছে,তাতে বোঝা যাচ্ছে জিতেন্দ্র তিওয়ারী তৃণমূলের প্রতিহিংসার শিকার হচ্ছেন।

এদিকে, এনআইএ-র আধিকারিকদের ওপর হামলার ঘটনার কঠোর নিন্দা করে মুখ্যমন্ত্রীর সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি, সাংসদ অধীর চৌধুরী। মুর্শিদাবাদের বহরমপুরে আজ জেলা কংগ্রেস কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, বাংলায় দুর্বৃত্ত ও মমতা একাকার। এনআইএ যাদের ধরতে গিয়েছিল, তারা সাধু-সন্ন্যাসী কি না সে প্রশ্নও তোলেন তিনি।

(বাইট – অধীর)

oooooooooooooooooooooo

গতকাল থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে ভাষায় এনআইএকে আক্রমণ করছেন তা দেশবিরোধী ও সংবিধান বিরোধী কাজ বলে মন্তব্য করেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ সন্ধ্যায় পশ্চিম মেদিনীপুরের ডেবরাতে একটি সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এনআইএ-কে আক্রমণ করা মানে সংবিধান ও উচ্চ আদালতকে আক্রমণ করা।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooo

নির্বাচন কমিশন আজ এক প্রিস বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ বৃদ্ধিতে সামাজিক মাধ্যমকে কাজে লাগাবার সিদ্ধান্ত নিয়েছে।। এ ব্যাপারে কমিশন, শহুরে ভোটার এবং নতুন ভোটারদের আকর্ষিত করার জন্য “টার্নিং ১৮” এবং you are the one শীর্ষক দুটিপ্রচার ব্যবস্থা গ্রহণ করে ভোট দান এ উৎসাহিত করার কৌশল নিয়েছে। এর পাশাপাশি ভোট সংক্রান্ত ভুয়ো খবর, বন্ধ করতে বিশেষ ব্যবস্থা নেওয়ার উপর গুরুত্ব দিয়েছে। এজন্য আকাশবাণী দূরদর্শন এবং পাবলিক ব্রডকাস্টিং সিস্টেমকে এ বিষয়ে বিশেষ গুরুত্ব সহকারে প্রচার জোরদার করতে নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচনকে কেন্দ্র করে আজ রবিবাসরীয় প্রচারাভিযান জোরদার হয়ে উঠেছে।

বাঁকুড়া লোকসভা কেন্দ্রের প্রার্থী ডাক্তার সুভাষ সরকার, আজ সকালে, বাঁকুড়া স্টেশনে হাজির হয়ে অপেক্ষমান যাত্রীদের সঙ্গে কুশল বিনিময়ের পাশাপাশি তাদের হাতে তুলে দেন গত পাঁচ বছরে তাঁর লোকসভা এলাকায় উন্নয়নের খতিয়ান সম্বলিত প্রচার পত্র।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি আজ পশ্চিম মেদিনীপুরের ঘাটালে দেবের সমর্থনে রোড শো করেন।

দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর লোকসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থী বাপি হালদার আজ সকাল থেকে কৃষ্ণচন্দ্রপুর দলীয় কর্মী সমর্থকদের নিয়ে প্রচার চালান।

অন্যদিকে, এই কেন্দ্রের বিজেপি প্রার্থী অশোক পুরকাইত কাকদ্বীপ এলাকায় একটি গ্রামীণ পূজোয় অংশ নিয়ে জনসংযোগ সারেন।

হাওড়া লোকসভা কেন্দ্রে বামফ্রন্ট মনোনীত সিপিআইএম প্রার্থী সব্যসাচী চ্যাটার্জি আজ আন্দুল পূর্বপাড়া বাস স্ট্যান্ড থেকে রাজগঞ্জ ও জমিদার মাঠ থেকে পদযাত্রা করেন| পাশাপাশি কান্দুয়ায় রক্তদান শিবিরে অংশগ্রহণ করেন|

বিজেপি প্রার্থী, তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক আজ বিকেলে নিউ-কোচবিহারে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন।

oooooooooooooooooo

জাতীয় কংগ্রেস আজ রাজ্যের আরও তিন লোকসভা কেন্দ্রর জন্য প্রার্থীর নাম ঘোষনা করেছে। বনগাঁ কেন্দ্রে প্রদীপ বিশ্বাস, উলুবেড়িয়া কেন্দ্রে আজহার মল্লিক, ও ঘাটাল কেন্দ্রে পাপিয়া চক্রবর্তী প্রতিদ্বন্দ্বিতা করবেন।

সেই সঙ্গে কংগ্রেস আজ ভগবানগোলা বিধানসভা উপনির্বাচনেও প্রার্থীরা নাম ঘোষণা করেছে। ওই উপনির্বাচনে কংগ্রেস এর প্রার্থী হচ্ছেন অঞ্জু বেগম।

oooooooooooooooooo

উত্তর বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপোসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় আজ সকাল থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির হচ্ছে। বাঁকুড়া ও বীরভূম, পূর্ব বর্ধমান, ঝাড়গ্রাম, পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলাতে সন্ধের দিকেও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হয়।

উত্তরবঙ্গেও পরিস্থিতি একইরকম থাকার কথা জানিয়েছে আবহাওয়া দফতর। এরজেরে দক্ষিণবঙ্গে তাপমাত্রার পারদ ৩ থেকে ৪ ডিগ্রী পর্যন্ত কমার সম্ভাবনা।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের ৫ ডিগ্রী নীচে নেমে হয়েছে ৩০ ডিগ্রী সেলসিয়াস, সর্ব নিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়া ২ ডিগ্রী বেশি।

এদিকে, বাজ পড়ে আজ রাজ্যের তিন জেলা থেকে তিনজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। **হুগলীর** তারকেশ্বরে বাজ পড়ে এক যুবকের মৃত্যু হয়েছে। লক্ষ্মণ মালিক নামে বছর ২৬-এর ওই যুবক সকালে জমিতে চাষের কাজ করছিলেন। ঝড়-বৃষ্টি নামায় বাড়ির পথে রওনা হন তিনি । এরপরই বজ্রাহত হয়ে রাস্তায় লুটিয়ে পড়েন ওই যুবক। তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

**উত্তর ২৪ পরগনার** গাইঘাটার বর্ণবেড়িয়া এলাকায় বাজ পড়ে নেপাল হালদার নামে এক কৃষক প্রাণ হারিয়েছেন। মাঠে কাজ করার সময় এই বিপত্তি ঘটে।

**বর্ধমানের** মেমারির পাল্লা এলাকায় মাঠে গরু আনতে গিয়ে বজ্রাহত হয়ে ভীম কর নামে ৫১ বছর বয়সী এক প্রৌঢ়ের মৃত্যু হয়েছে।

অন্যদিকে, আজ দুপুরে কলকাতার ধর্মতলায় মেট্রো মলের সামনে বাজ পড়ায় পিলারের একাংশ ছিটকে পড়ে। তবে, ওই সময় রাস্তা ফাঁকা থাকায় কেউ হতাহত হননি।

০০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরুএফসির মুখোমুখি হয়েছে । শেষ পাওয়া খবরে জানা গেছে ইস্টবেঙ্গল ১-০ গোলে এগিয়ে গেছে।

ইস্টবেঙ্গল ২০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ তালিকার নবম স্থানে আছে। অষ্টম স্থানে থাকা বেঙ্গালুরুর সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ২২।

০০০০০০০০০০০০০০০০০০